''সবাই মিলে দেব কর,
দেশ হবে স্বনির্ভর ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিনংরঃব: িিি. হনৎ.মড়া.নফ

সাধারণ আদেশ নং- ১৬/মূসক/২০১২ তারিখঃ ১০ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০১২ খ্রিস্টাব্দ।

**বিষয় ঃ** **মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে কমিশন আয়ের উপর মূসক আদায়ের দিক-নির্দেশনা।**

দেশের অর্থনৈতিক কর্মকান্ডের পরিধি দিন দিন বৃদ্ধির সাথে সাথে করযোগ্য সেবার পরিধিও িিত লাভ করছে। মোবাইল ব্যাংকিং সেবা তাদের মধ্যে অন্যতম। সারা দেশের মানুষের কাছে ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বিভিন্ন ব্যাংক "মোবাইল ব্যাংকিং সেবা" চালু করেছে। মোবাইল ব্যাংকিং সেবা বর্তমানে সীমিত পর্যায়ে চালু হলেও, অচিরেই এ সেবার পরিধি ব্যাপক আকারে বিস্তার লাভ করবে বলে আশা করা যায়। বর্তমানে মোবাইল ব্যাংকিং সেবার সাথে জড়িত পার্টনারগণ নিম্নরূপঃ

(ক) ব্যাংক (মূল উদ্যোক্তা);

(খ) টেলিকম অপারেটর (গ্রামীণ ফোন, বাংলা লিংক, রবি ইত্যাদি);

(গ) এজেন্ট (তৃণমূল পর্যায়ে সেবা ডেলিভারীর দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান; যেমনঃ-মোবাইল অপারেটরগণের আউটলেট, এজেন্ট, এনজিও অথবা যেকোন ব্যক্তি); এবং

(ঘ) কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান (Technology Service Provider)।

০২। মোবাইলের গ্রাহকগণ মাঠ পর্যায়ে অবস্থিত ব্যাংকসমূহের এজেন্টদের নিকট গিয়ে নিজ নামে হিসাব খুলতে পারেন। প্রাথমিকভাবে হিসাবধারীগণ (Account Holder) অর্থ জমা প্রদান, উত্তোলন এবং প্রেরণ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সম্পন্ন করতে পারেন। প্রতিটি গ্রাহককে তার স্ব স্ব মোবাইল নম্বর বা তার সাথে কয়েকটি ডিজিট যোগ করে একটি হিসাব নম্বর প্রদান করা হয়। প্রত্যেক গ্রাহকের অর্থ জমা প্রদান ও উত্তোলনের উপর নির্দিষ্ট পরিমাণ সার্ভিস চার্জ এজেন্ট/ কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান (Technology Service Provider) কর্তৃক আদায় করা হয়। উক্ত সার্ভিস চার্জ মোবাইল সেবার কার্যক্রমের সাথে জড়িত পার্টনারগণের মধ্যে চুক্তি অনুযায়ী বিভাজন করা হয়। উক্ত সার্ভিস চার্জের উপর ১৫ শতাংশ হারে (Inclusive পদ্ধতিতে) মূসক আদায় করা হয়। অর্থাৎ সর্বমোট ১০০.০০ টাকা গ্রহণ করা হলে ৮৬.৯৬ টাকা সার্ভিস চার্জ এবং ১৩.০৪ টাকা মূল্য সংযোজন কর (VAT)।

০৩। মূল উদ্যোক্তা (সংশ্লিষ্ট ব্যাংক) উক্ত কমিশন/ফী এর উপর আদায়কৃত মূসক সরকারী কোষাগারে জমা প্রদান করে থাকে। চুক্তি অনুযায়ী কমিশন বিভাজন করে তা পার্টনারগণের হিসাবে জমা প্রদান করা হয়। সম্পৃক্ত মোবাইল অপারেটরগণ মোবাইল ব্যাংকিং সেবার ওপর প্রাপ্য কমিশন মূসকসহ তাদেরকে প্রদানের জন্য সংশ্লিষ্ট ব্যাংকের

www.taxguidebd.com

নিকট অনুরোধ করে। তাদের কমিশন অংশের মূসক তারা নিজেরা জমা প্রদান করবে বলে অভিপ্রায় ব্যক্ত করে। এপ্রেক্ষিতে বিষয়টি বোর্ডের নজরে আসে। উপর্যুক্ত প্রেক্ষাপটে বিষয়টি বিশ্লেষণ করে, মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে কমিশন আয়ের উপর মূসক জমা প্রদানের পদ্ধতি অধিকতর সহজ করার লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো ঃ

(ক) মোবাইল ব্যাংকিং সেবার মূল উদ্যোক্তা হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কোন কর মেয়াদে প্রদত্ত সেবার বিপরীতে প্রাপ্য কমিশনের উপর প্রযোজ্য সমুদয় মূসক উক্ত কর মেয়াদের দাখিলপত্র দাখিলের পূর্বে ট্রেজারি চালানের মাধ্যমে যথাযথ সরকারী খাতে জমা প্রদান করবে। দাখিলপত্রের সাথে ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালানে জমাকৃত অর্থের পরিমাণ উক্ত কমিশনারেটের রাজস্ব হিসেবে রাজস্ব বিবরণীতে প্রদর্শন করতে হবে।

(খ) মোবাইল ব্যাংকিং সেবার মূল উদ্যোক্তা সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান মোবাইল ব্যাংকিং সেবার সাথে সংশ্লিষ্ট পার্টনার যেমনঃ এজেন্ট, মোবাইল অপারেটর, টেকনোলজি পার্টনার এবং অন্যান্যকে (যার প্রয়োজন) জমাকৃত মূসকের নিজ নিজ অংশের বিষয়ে প্রতি কর মেয়াদের জন্য সংযুক্ত "ছক-ক" মোতাবেক একটি প্রত্যয়নপত্র (ট্রেজারি চালানের ফটোকপিসহ) প্রদান করবে।

(গ) মোবাইল ব্যাংকিং সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট পার্টনারগণ তাদের নিজ মূসক সার্কেলে প্রদানকৃত মাসিক দাখিলপত্রের কলাম-১৯ এ উক্ত রাজস্ব প্রদর্শন করবে। তবে, উক্ত কমিশনারেট তা রাজস্ব হিসেবে কমিশনারেটের রাজস্ব বিবরণীতে প্রদর্শন করবে না।

(ঘ) মোবাইল ব্যাংকিং সেবার মূল উদ্যোক্তা সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যেহেতু বহুসংখ্যক স্থান থেকে এজেন্টদের মাধ্যমে সেবা প্রদান করে থাকে, সেহেতু উক্ত এজেন্টদেরকে মূল উদ্যোক্তার কেন্দ্রীয় মূসক নিবন্ধনের আওতাভুক্ত মর্মে বিবেচিত হবে। একই সাথে এজেন্টগণ কর্তৃক ইস্যুকৃত ক্যাশ মেমো নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মূসক চালান হিসেবে ঘোষণা করা হলো:

(১) ক্যাশমেমো সংখ্যানুক্রমিক নম্বরযুক্ত হতে হবে এবং উহাতে ইস্যুর তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে।

(২) ক্যাশমেমোতে সেবা প্রদানকারীর নাম, ঠিকানা ও মূসক নিবন্ধন নম্বর উল্লেখ থাকতে হবে।

(৩) ক্যাশমেমোতে সেবা গ্রহণকারীর নাম, ঠিকানা ও মূসক নিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ থাকতে হবে।

(৪) ক্যাশমেমোতে সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত কমিশন (Including VAT) উল্লেখ থাকতে হবে।

(৫) ক্যাশমেমোতে ইস্যুকারীর স্বাক্ষর/ইলেকট্রনিক স্বাক্ষর/নাম ও কোড উল্লেখ থাকতে হবে।

www.taxguidebd.com

০৪। অর্থ উত্তোলনের সময় বর্তমানে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীগণ কোন ক্যাশ মেমো প্রদান করে না। তাই, গ্রাহকের এ্যাকাউন্ট বিবরণীতে অনুচ্ছেদ ৩(ঘ) এর শর্তে বর্ণিত তথ্যাদি অন্তর্ভূক্ত করতে হবে যাতে মূসক দপ্তরের উদ্দেশ্য পূরণকল্পে তা ব্যবহার করা যায়।

০৫। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারী করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

*স্বাক্ষরিত/-*২৫/১০/২০১২
( মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ- নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।
(আদেশটি গেজেট আকারে মুদ্রণপূর্বক ১০০০ (এক হাজার) কপি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

নং- ০৮.০১.০০০০.০৬৮.০০২.১২-৬৭৪ তারিখ ঃ ২৫/১০/২০১২ খ্রিঃ

(ক) অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল(কাস্টমস, এক্সাইজ ও মূসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/ যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৬-২০।কমিশনার, কাস্টম হাউজ, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল।
২১-২২।কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৩। মহাপরিচালক, মূসক নিরীক্ষা ও গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
২৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
২৫। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৬। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

www.taxguidebd.com

২৮।    দ্বিতীয় সচিব (মূসক - বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৯-৩০।ব্যক্তিগত সহকারী, সদস্য (মূসক/শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩১-৩২।অফিস কপি/গার্ড নথি, মূসক আইন ও বিধি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(খ) অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও তাঁর সংস্থাভুক্ত সদস্যগণের মধ্যে বিতরণের জন্যঃ
০১।    সভাপতি, এফবিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।

( হাছান মুহম্মদ তারেক রিকাবদার )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

www.taxguidebd.com